

## শোক বার্তা

বিগত ৩০/১২/২০২০ তারিখে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউট এর অধ্যাপক ডাঃ লুৎফর কাদের লেলিন কোভিড-১৯ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাই হি রাজিউন)। তাঁর অকাল প্রয়াণে এবং তাঁর পরিবারের এই অপূরণীয় ক্ষতিতে স্বাস্থ্য সেবা পরিবারের অভিভাবক হিসাবে সমবেদনা জানাচ্ছি।

সারা বিশ্বের মত বাংলাদেশও কোভিড-১৯ মোকাবিলা করতে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রেখেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ও দিক নির্দেশনায় বাংলাদেশের চিকিৎসক সমাজ তাদের জীবনের মায়াকে তুচ্ছ করে সম্মুখ সারির যোদ্ধা হিসেবে এই মহামারী রোধে আত্মনিয়োগ করেছে। অধ্যাপক ডাঃ লুৎফর কাদের লেলিন চিকিৎসক সমাজের একজন আত্মনিবেদিত যোদ্ধা হিসেবে তার দায়িত্ব পালন করতে গিয়ে মৃত্যুবরণ করেছেন। তিনি আজ আমাদের মাঝে নেই কিন্তু ও দেশের সরকার, চিকিৎসক সমাজ, সাধারণ মানুষ জাতির এই নির্ভিক চিকিৎসক সৈনিকের মহান ত্যাগের কথা আমৃত্যু গভীর শ্রদ্ধা ও ভালবাসার সাথে স্মরণ করবে।

তাঁর অকাল মৃত্যুতে জাতি হারিয়েছে এক অকুতোভয় মানবতার সেবককে। অপূরণীয় এ ক্ষতির যে অপরিমেয় বেদনা সেটা সহবার শক্তি মহান সৃষ্টিকর্তা তাঁর পরিবারকে দিন। মরহমের বিদেহী আত্মার মাগফেরাত ও পারলৌকিক শান্তি এবং তার পরিবারবর্গের সার্বিক কল্যাণ কামনা করছি।



(মো. আবদুল মান্নান)

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়